

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রণীতব্য 'বাংলাদেশের অপুষ্টি মানচিত্র (Undernutrition Maps of Bangladesh 2019)' শীর্ষক প্রকাশনা (বাংলা ও ইংরেজি) প্রকাশের অনুমোদনের লক্ষ্যে অনুষ্ঠিত যাচাই-বাছাই কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	: শেখ মোঃ কাবেদুল ইসলাম অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তারিখ ও সময়	: ১০ মে ২০২২ খ্রিষ্টাব্দ ১১.৩০টা, মঙ্গলবার
স্থান	: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলনকক্ষ (ব্লক-এ)
উপস্থিত কর্মকর্তাদের হাজিরা	: পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তাঁর অনুমতিক্রমে মোসাঃ কামরুন্নাহার, উপসচিব সভা আহ্বানের কারণ ও আলোচ্যবিষয় সভাকে অবহিত করেন। তিনি বলেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, Small Area Estimation পদ্ধতি ব্যবহার করে বিশ্ব খাদ্য কর্মসূচির কারিগরি ও আর্থিক সহযোগিতায় জনশুমারি ও গৃহগণনা এবং Child and Mother Nutrition Survey (CMNS)/Multiple Indicator Cluster Survey (MICS) 2019-এর উপাত্ত ব্যবহার করে উপজেলা পর্যায়ের অপুষ্টি হার নিরূপে ও প্রকাশ করে থাকে। এরই ধারাবাহিকতায় খসড়া রিপোর্টটি প্রস্তুত করা হয়েছে। এপর্যায়ে তিনি রিপোর্টের বিষয়ে সংক্ষিপ্ত উপস্থাপনার জন্য জনাব মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, 'বাংলাদেশের অপুষ্টি মানচিত্র (Undernutrition Maps of Bangladesh 2019)' প্রণয়ন কার্যক্রম, বিবিএস-কে অনুরোধ জানান।

২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব আলমগীর হোসেন বলেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক Small Area Estimation পদ্ধতি ব্যবহার করে জনশুমারি ও গৃহগণনা এবং Multiple Indicator Cluster Survey (MICS)-2019-এর তথ্য-উপাত্তসহ বিভিন্ন Auxilliary Data, যেমন আউশ, আমন, বোরো উৎপাদনের উপাত্ত এবং GIS Data থেকে সহায়তার ভিত্তিতে উপজেলাভিত্তিক অপুষ্টি মানচিত্রের রিপোর্ট প্রস্তুত করা হয়েছে। এটি বিবিএস-এর জন্য একটি অপরিহার্য কাজ, কারণ স্থানীয়পর্যায় পর্যন্ত ফলাফল প্রকাশ করার জন্য সবসময় শুমারি/জরিপ পরিচালনা করা সময়সাপেক্ষ এবং ব্যয়বহুল, এ সকল Indirect পদ্ধতির ব্যবহার বাড়লে শুমারি ছাড়াও যেকোনো রিপোর্ট প্রকাশ করা সম্ভব হবে।

৩। অতঃপর সভায় নিজ নিজ নির্ধারিত অংশের উপর সদস্যগণ পর্যায়ক্রমে মতামত প্রদান করেন। তাঁরা কিছু কিছু বানানে ভুল, বাক্যবিন্যাসে অসঙ্গতি, টেবিল/গ্রাফ-চার্টে অমিল, পৃষ্ঠা নম্বরে বাংলা ও ইংরেজির মিশ্রণসহ বেশ কিছু অসঙ্গতি তুলে ধরেন।

৪। সভাপতি বলেন, রিপোর্টটিতে সদস্যগণ কর্তৃক চিহ্নিত বাক্যবিন্যাসে অসঙ্গতি, শব্দচয়নে অসামঞ্জস্যসহ যে সকল ভুল-ত্রুটি চিহ্নিত করে সংশোধনের সুপারিশ করা হয়েছে তা পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করে সংশোধন করতে হবে।

৫। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) রিপোর্টটিতে বানান ভুল ও বাক্যবিন্যাসে অসঙ্গতিসহ যে সকল মতামত পাওয়া গিয়েছে সেগুলো প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন/সংযোজন করতে হবে।

(খ) অতঃপর রিপোর্টটি প্রকাশের চূড়ান্ত অনুমোদনের জন্য এ বিভাগে প্রেরণ করতে হবে।

৬। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(শেখ মোঃ কাবেদুল ইসলাম)

অতিরিক্ত সচিব

পরিচিতি নং ৪৫৪১ (প্রশাসন)

ও

সভাপতি

প্রতিবেদন যাচাই-বাছাই কমিটি

